**63/1 (SEM-3) (GE-3/DSC)/ BENHG/RC3036**

# 2023

## BENGALI

Paper : BENHG/RC3036

**( Selected Readings )**

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো (যে কোনো ছয়টি) : ১×৬=৬

(ক) জীবানন্দের ভগ্নীর নাম কী?

*(i)* কল্যাণী

*(ii)* শান্তি

*(iii)* নিমাই

*(iv)* সুকুমারী

(খ) সন্তানদলের বিদ্রোহ রোধ করার জন্য ওয়ারেন্ হেষ্টিংস কাকে অধিনায়ক হিসাবে নিযুক্ত করেছিলেন?

*(i)* কাপ্তেন টমাস

*(ii)* কাপ্তেন কোল্ড

*(iii)* কাপ্তেন হুড

*(iv)* কাপ্তেন হ্যারিস

(গ) 'আনন্দমঠ' উপন্যাসের প্রথম খণ্ডের পরিচ্ছেদ সংখ্যা কত?

*(i)* ১৪ টি

*(ii)* ৮ টি

*(iii)* ১০ টি

*(iv)* ১৮ টি

(ঘ) "আমার মৃত্যুসংবাদ তাঁহাকে দিও। বলিও, আমি অবিশ্বাসী নহি।" উক্তিটি কার?

*(i)* ধীরানন্দ

*(ii)* জীবানন্দ

*(iii)* ভবানন্দ

*(iv)* সত্যানন্দ





(ঙ) মহম্মদ রেজা খাঁ শতকরা কত টাকা রাজস্ব বাড়িয়ে দিয়েছিল?

*(i)* পাঁচ টাকা

*(ii)* কুড়ি টাকা

*(iii)* তিন টাকা

*(iv)* দশ টাকা

(চ) 'অবনী বাড়ি আছো' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

*(i)* 'পুরোনো সিঁড়ি'

*(ii)* 'ধর্মে আছো জিরাফেও আছো'

*(iii)* 'সুখে আছি'

*(iv)* 'হে প্রেম হে নৈঃশব্দ্য'

(ছ) সংগতি শব্দের অর্থ কী?

*(i)* অমিল

*(ii)* অনৈক্য

*(iii)* মিল

*(iv)* ওপরের একটিও নয়

(জ) অন্নদাশঙ্কর রায় কত সালে জন্মগ্রহণ করেছিলেন?

*(i)* ১৯০৫ সালে

*(ii)* ১৯০৪ সালে

*(iii)* ১৯০৩ সালে

*(iv)* ১৯০৬ সালে

(ঝ) খুকু কিসের শিশি ভাঙলে বড়রা তার উপর রাগ করে?

*(i)* তেলের শিশি

*(ii)* নুনের শিশি

*(iii)* ঔষধের শিশি

*(iv)* জলের শিশি

(ঞ) 'ঘোড়সওয়ার' কবিতায় কোথায় জোয়ার নামার কথা বলা হয়েছে?

*(i)* জনসমুদ্রে

*(ii)* সমুদ্র তটে

*(iii)* হৃদয় মাঝে

*(iv)* মনমন্দিরে





২। নিম্নলিখিত যে কোনো **পাঁচটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "বম কালী আজ নরমাংস খাইব!" উক্তিটি 'আনন্দমঠ' উপন্যাসের কোন্ খণ্ডে বিদ্যমান এবং এই উক্তিটির মধ্য দিয়ে কাকে ইঙ্গিত করা হয়েছে?

(খ) "টুমি বড় spirited women আছে, টোমার courage এ আমি খুসি আছে।" কে, কাকে উক্তিটি করেছেন?

(গ) "বিষবৃক্ষের কি ক্ষয় আছে?" কে, কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছেন?

(ঘ) "সেখানে একটি পরমাসুন্দরী যুবতী বাস করে।" এখানে পরমাসুন্দরী যুবতীটি কে এবং তিনি কার গৃহে বসবাস করেন?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

"সঙ্গীহারানো _____ উড়ায়েছে _____।"

(চ) শূন্যস্থান পূর্ণ করো :

"স্বপ্ন নয়- শান্তি নয়- ভালোবাসা নয়,<br>_____ মাঝে এক _____ জন্ম লয়।"

(ছ) অর্থ লেখো (যে কোনো দুটি) :

ঝঞ্ঝা; বৈতরণী; বর্ম; কাতর।

৩। নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৬=৩০

(ক) দস্যুদের দ্বারা কল্যাণী ও সুকুমারীর অপহরণ বৃত্তান্ত সংক্ষেপে আলোচনা করো।

(খ) "কেমন কল্যাণী, শারীরিক মঙ্গল ত?" প্রসঙ্গ ব্যাখ্যা করো।

(গ) টীকা লেখো :

সদানন্দ

(ঘ) 'আনন্দমঠ' উপন্যাসে উল্লেখিত ভৈরবীপুর গ্রামের বর্ণনা দাও।

(ঙ) 'আনন্দমঠ' উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদে, মন্বন্তরের যে প্রতিচ্ছবি বঙ্কিমচন্দ্র ফুটিয়ে তুলেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) "ভাঙছো প্রদেশ ভাঙছো জেলা
জমিজমা ঘরবাড়ি।"

'খোকা ও খুকু' কবিতায় এই মন্তব্যের অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা করো।

(ছ) "সমুদ্রে নেমেছে জোয়ার
হৃদয়ে আমার চড়া।"

'ঘোড়সওয়ার' কবিতা অবলম্বনে অন্তর্নিহিত তাৎপর্য লেখো।





(জ) 'বোধ' কবিতায় কৃষক জীবনের উপমা কীভাবে চিত্রায়িত হয়েছে, সংক্ষেপে লেখো।

(ঝ) "তোমার সৃষ্টি, আমার সৃষ্টি, তার সৃষ্টির মাঝে
যত কিছু সুর, যা-কিছু বেসুর বাজে
মেলাবেন।"

'সংগতি' কবিতা অবলম্বনে তাৎপর্য লেখো।

(ঞ) "ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি
সহসা শুনি রাতের কড়া নাড়া
অবনী বাড়ি আছো?"

অন্তর্নিহিত তাৎপর্য লেখো।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'আনন্দমঠ' উপন্যাসের যে কোনো একটি পুরুষ চরিত্র সম্পর্কে আলোচনা করো।

(খ) সিপাহীদের সঙ্গে মহেন্দ্র ও ভবানন্দের প্রথম যে সংঘর্ষ হয়েছিল সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(গ) অন্নদাশঙ্কর রায়ের 'খুকু ও খোকা' কবিতার মূল বক্তব্য তোমার নিজের ভাষায় লেখো।

(ঘ) অমিয় চক্রবর্তী 'সংগতি' কবিতায় পরস্পর-বিরোধী নানা বর্ণনার মধ্যে যেভাবে জীবন-সংগ্রামের ছবি তুলে ধরেছেন তা আলোচনা করো।

৫। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১৪

(ক) জাতীয়তাবাদী ভাবধারা বিকাশে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'আনন্দমঠ' উপন্যাসের অবদান লেখো।

(খ) কবি জীবনানন্দের 'বোধ' কবিতায় প্রকাশিত জীবনসংকটের অনুভূতিকে ব্যক্ত করে কবিতার মূল বক্তব্য প্রকাশ করো।

(গ) বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতাটির ভাব ও শিল্পসৌন্দর্য বিশ্লেষণ করো।

★★★